# ইনস্টিটিউট অভ্ এগ্রিবিজনেস এন্ড ডেভেলপমেন্ট স্টাডিজ (IADS)

## বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ

### এপ্রিল-সেপ্টেম্বর/২০২১ (Summer Semester) সিমেস্টারে

### MBA in Agribusiness কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যায়ের আওতাধীন ইনস্টিটিউট অভ্ এগ্রিবিজনেস এন্ড ডেভেলপমেন্ট স্টাডিজ (IADS) এ এপ্রিল-সেপ্টেম্বর/ ২০২১ সিমেস্টারে পূর্ণকালীন **MBA in Agribusiness** কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য যোগ্য প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি নিম্নে প্রদান করা হলো:

| |
|---|
| **ডিগ্রী: MBA in Agribusiness** |
| **সময়কাল: দুই বছর (থিসিস সিমেস্টার সহ চার সিমেস্টার)** |
| **ক্রেডিট: ৬৪** |

**শিক্ষাগত যোগ্যতাঃ**

১. প্রার্থীদেরকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কৃষি বিজ্ঞানে (যেমন: এগ্রিকালচার, এগ্রিকালচারাল ইকোনমিক্স, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, ভেটেরিনারি সাইন্স, এনিমেল হাজবেন্ড্রি, ফিসারিজ, ফুড টেকনলজি, ফুড সেফটি ম্যানেজমেন্ট, বায়ো-ইনফরম্যাটিক্স ইঞ্জিনিয়ারিং) চার (৪) বছর মেয়াদী অনার্স ডিগ্রি থাকতে হবে। অথবা,

২. প্রার্থীদেরকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে নিম্নোক্ত বিষয়ে চার (৪) বছর মেয়াদী বিবিএ/ অনার্স ডিগ্রি থাকতে হবে: বিবিএ, বিজনেস স্টাডিজ, ফাইন্যান্স, একাউন্টিং, মার্কেটিং, ম্যানেজমেন্ট, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস, ব্যাংকিং এন্ড ইনস্যুরেন্স, হিউমেন রিসোর্স ম্যানেজমেন্ট, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, ইকোনমিক্স, এনভাইরনমেন্টাল ইকোনমিক্স, জিওগ্রাফি, জুওলজি (প্রাণিবিদ্যা), বোটানি, ইঞ্জিনিয়ারিং, স্টেটিসটিক্স।

৩. ক্রেডিট কোর্স পদ্ধতিতে পাশকৃত প্রার্থীদেরকে সিজিপিএ ৪.০০ এর মধ্যে কমপক্ষে ২.৫০ অথবা ৫.০০ এর মধ্যে কমপক্ষে ৩.৫০ অথবা এনোয়াল সিস্টেম এ ৫০% মার্কস থাকতে হবে।

**অন্যান্য তথ্যাদিঃ**

১. পূবালী ব্যাংক লিঃ, বিশ্ববিদ্যালয় চত্তর শাখা, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ থেকে ৫০০.০০ (পাঁচ শত) টাকা (অফেরতযোগ্য) প্রদান পূর্বক ভর্তির জন্য নির্ধারিত আবেদনপত্র আগামী **১৪ জুলাই ২০২১ থেকে ১৭ আগস্ট ২০২১** পর্যন্ত সংগ্রহ করা যাবে। সংগৃহীত আবেদনপত্র যথাযথভাবে পূরণ পূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ **১৭ আগস্ট ২০২১** তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে IADS অফিসে জমা দিতে হবে।

২. আবেদনপত্রের সাথে সত্যায়িত সকল পরীক্ষার সার্টিফেকেট, মার্কশিট এবং ৩ কপি পাসপোর্ট সাইজ ছবি সংযোজন করতে হবে। সদ্য অনার্স ফাইনাল পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে প্রভিশনাল সার্টিফিকেট গ্রহণযোগ্য।

৩. ভর্তি পরীক্ষা নৈর্ব্যক্তিক (Communication, Mathematics & Analytical Ability) এবং রচনামূলক (Essay writing & Interpretation skill) এই দুই ভাগে বিভক্ত থাকবে।

৪. ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ নিম্নবর্ণিত তারিখ ও সময় অনুযায়ী নির্ধারিত ভর্তি ফি জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবেন।

৫. চাকরিরত প্রার্থীদেরকে নিজ নিজ নিয়োগকর্তার নিকট থেকে "অধ্যয়নকালীন সময়ে ক্লাসে যোগদান এবং শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য চার সিমেস্টারব্যাপী সময়কাল অর্থাৎ ২৪ মাসের ছুটি প্রদান করা হবে"- এই মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে। ভর্তির তারিখ হতে তিন মাসের মধ্যে ছুটির চূড়ান্ত কাগজপত্র জমা দিতে হবে, অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৬. অন্যান্য বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে আবেদনপত্রের সাথে অবশ্যই মাইগ্রেশন সার্টিফিকেট সংযোজন করতে হবে।

৭. ভর্তি পরীক্ষার ফলাফল IADS এর নোটিশ বোর্ড এবং ওয়েবসাইট (https://iads.bau.edu.bd/) এ প্রকাশ করা হবে।

৮. বিস্তারিত নিয়মাবলী ও ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত তথ্যাদি IADS অফিস থেকে সংগ্রহ করতে হবে।

(প্রয়োজনে: +88 01723-94 77 55)

৯. ভর্তিযোগ্য আবেদনপত্রসমূহ একাডেমিক কমিটির মাধ্যমে সুপারিশসহ ৩০ **আগস্ট** ২০২১ তারিখের মধ্যে কো-অর্ডিনেটর, উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি অফিসে প্রেরণ করা হবে।

১০. অসম্পূর্ণ, অনিয়মিত এবং অস্পষ্ট আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

**গুরুত্বপূর্ণ তারিখ ঃ**

| | |
|---|---|
| আবেদনপত্র সংগ্রহ ও জমাদান | **১৪ জুলাই ২০২১ থেকে ১৭ আগস্ট ২০২১** |
| ভর্তি পরীক্ষা | **২৩ আগস্ট ২০২১** |
| ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ | **২৪ আগস্ট ২০২১** |
| ভর্তির তারিখ | **২৫ আগস্ট ২০২১ - ২৯ আগস্ট ২০২১** |
| ক্লাস শুরু | **৩১ আগস্ট ২০২১** |

স্বাক্ষর/-

১১.০৭.২১

**প্রফেসর ড. মোঃ সাইদুর রহমান**